



কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট

লেভেল - ০৪

মডিউল শিরোনামঃ বেসিক এন্ট্রাপ্রেনিউরশিপ ব্যাখ্যা করণ  
(Module: Interpreting Basics of Entrepreneurship)

মডিউল কোড: CBLM-OU-INF-ED-01-L4-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধান উপদেষ্টার কার্যালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,  
প্রধান উপদেষ্টার কার্যালয়।  
১১-১২ তলা, বিনিয়োগ ভবন  
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
ইমেইল: [ec@nsda.gov.bd](mailto:ec@nsda.gov.bd)  
ওয়েবসাইট: [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)  
ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“বেসিক এন্ট্রাপ্রেনিউরশিপ ব্যাখ্যা করণ” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট লেভেল-৪ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট লেভেল-৪ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট লেভেল-৪ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।



----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।



## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি বেসিক এন্ট্রাপ্রিনিউরশিপ ব্যাখ্যা করার জন্য মৌলিক জ্ঞান অর্জন করতে পারবেন। এছাড়াও উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া, উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা, CMSME ব্যাখ্যা করা, গ্রীণ ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারবেন। একজন দক্ষ উদ্যোক্তার জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলনও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।



## সূচীপত্র

কপিরাইট .....	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা .....	v
মডিউল কন্টেন্ট .....	১
<b>শিখনফল (Learning Outcome)- ১ : উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দিতে পারবেন.....</b>	<b>২</b>
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া.....	৩
ইনফরমেশন শিট (Information Sheet): ১: উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া.....	৪
সেলফ চেক (Self-Check)- ১: উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া.....	১৩
উত্তরপত্র (Answer Key)-১: উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া .....	১৪
অ্যাকিভিটি শিট ১.১: ব্যবসা চক্র ব্যাখ্যা করুন.....	১৬
অ্যাকিভিটি শিট ১.২: নারী উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করুন .....	১৭
অ্যাকিভিটি শিট ১.৩: ব্যবসা এবং উদ্যোক্তা বিষয় ব্যাখ্যা করুন.....	১৮
<b>শিখনফল (Learning Outcome)- ২ : উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করতে পারবে .....</b>	<b>১৯</b>
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা .....	২০
ইনফরমেশন শিট (Information Sheet): ২: উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা.....	২১
উত্তরপত্র (Answer Key)-২: উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা.....	২৭
অ্যাকিভিটি শিট ২.১: উদ্যোক্তার গুণাবলী সনাক্ত করার জন্য স্ব-মূল্যায়ন করুন.....	২৯
<b>শিখনফল (Learning Outcome)- ৩ : CMSME ব্যাখ্যা করতে পারবেন .....</b>	<b>৩০</b>
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৩ : CMSME ব্যাখ্যা করা .....	৩১
ইনফরমেশন শিট (Information Sheet): ৩: CMSME ব্যাখ্যা করা.....	৩২
সেলফ চেক (Self-Check)- ৩: CMSME ব্যাখ্যা করা .....	৩৯
উত্তরপত্র (Answer Key)-৩: CMSME ব্যাখ্যা করা .....	৪০
অ্যাকিভিটি শিট ৩.১: ব্যবসা সেক্টরসমূহ চিহ্নিত করুন.....	৪১
অ্যাকিভিটি শিট ৩.২: ই-কমার্স ব্যবসাসমূহ চিহ্নিত করুন.....	৪২
<b>শিখনফল (Learning Outcome)- ৪ : গ্রীন ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে .....</b>	<b>৪৩</b>
শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -৪ : গ্রীন ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করা.....	৪৪
ইনফরমেশন শিট (Information Sheet): ৪: গ্রীন ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করা.....	৪৫
সেলফ চেক (Self-Check)- ৪: গ্রীন ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করা.....	৫১
উত্তরপত্র (Answer Key)-৪: গ্রীন ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করা .....	৫২
অ্যাকিভিটি শিট ৪.১: কর্মক্ষেত্রের প্রয়োজন অনুযায়ী গ্রীণ প্রসেস প্রয়োগ পরিকল্পনা করুন.....	৫৩
অ্যাকিভিটি শিট ৪.২: ব্যবসার ধরণের উপর ভিত্তি করে 3R চিহ্নিত করুন .....	৫৪
<b>দক্ষতা পর্যালোচনা (Review of Competency) .....</b>	<b>৫৫</b>



## মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	বেসিক এন্ট্রাপ্রেনিউরশিপ ব্যাখ্যা করা। (Interpret Basics of Entrepreneurship)
ইউ ও সি কোড	OU-INF-ED-01-L4-V1
মডিউল শিরোনাম	বেসিক এন্ট্রাপ্রেনিউরশিপ ব্যাখ্যা করণ
মডিউলের বর্ণনা	বেসিক এন্ট্রাপ্রেনিউরশিপ ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কিত কাজগুলো এই মডিউল এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া, উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা, CMSME ব্যাখ্যা করা, গ্রীণব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।
নমিনাল সময়	৩০ ঘন্টা
শিখনফল	মডিউলটির প্রাকটিস শেষ করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত জব গুলো করতে সমর্থ হবেন- ১. উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দিতে পারবেন ২. উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করতে পারবেন ৩. CMSME ব্যাখ্যা করতে পারবেন ৪. গ্রীণ ব্যবসা সম্পর্কে ব্যাখ্যা করতে পারবেন

## এ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া (Assessment Criteria)

১. উদ্যোক্তা এবং IGA সংজ্ঞায়িত করা হয়েছে
২. উদ্যোক্তার সুবিধা নিয়ে আলোচনা করা হয়েছে
৩. ব্যবসা চক্র বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে
৪. নারী উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে
৫. ব্যবসা এবং উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে
৬. উদ্যোক্তাদের বৈশিষ্ট্য চিহ্নিত করা হয়েছে
৭. অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তার ভূমিকা চিহ্নিত করা হয়েছে
৮. উদ্যোক্তার গুণাবলী সনাক্ত করতে স্ব-মূল্যায়ন করা হয়েছে
৯. CMSME বিষয়ে সংজ্ঞায়িত করা হয়েছে
১০. ব্যবসার সেক্টরসমূহ চিহ্নিত করা হয়েছে
১১. ব্যবসার নৈতিকতা ব্যবসার ধরন অনুযায়ী ব্যাখ্যা করা হয়েছে
১২. ই-কমার্স ব্যবসা শিল্পনীতি অনুযায়ী চিহ্নিত করা হয়েছে
১৩. ব্যবসায় ব্যর্থতা এবং সাফল্যের কারণগুলি ব্যাখ্যা করা হয়েছে
১৪. গ্রীণ ব্যবসা সংজ্ঞায়িত করা হয়েছে
১৫. কর্মক্ষেত্রের প্রয়োজন অনুযায়ী গ্রীণ প্রসেস প্রয়োগ করা হয়েছে
১৬. ব্যবসার ধরনের উপর ভিত্তি করে 3R চিহ্নিত করা হয়েছে
১৭. সহায়তাকারী সংস্থাসমূহ চিহ্নিত করা হয়েছে

## শিখনফল (Learning Outcome)- ১ : উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দিতে পারবেন

এ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>১. উদ্যোক্তা এবং IGA সংজ্ঞায়িত করা হয়েছে;</li> <li>২. উদ্যোক্তার সুবিধা নিয়ে আলোচনা করা হয়েছে;</li> <li>৩. ব্যবসা চক্র বিষয়ে ব্যাখ্যা করা হয়েছে;</li> <li>৪. নারী উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে;</li> <li>৫. ব্যবসা এবং উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে।</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ul style="list-style-type: none"> <li>• প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>• সিবিএলএম</li> <li>• হ্যান্ডআউটস</li> <li>• ল্যাপটপ/কম্পিউটার</li> <li>• মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>• কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>• ইন্টারনেট সুবিধা</li> <li>• হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>• অডিও ভিডিও ভিভাইস</li> <li>• প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ</li> </ul>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>১. উদ্যোক্তা এবং IGA এর সঞ্জা</li> <li>২. উদ্যোক্তার সুবিধা ও অসুবিধাসমূহ</li> <li>৩. ব্যবসা চক্র</li> <li>৪. নারী উদ্যোক্তা</li> <li>৫. নারী উদ্যোক্তার সুবিধা</li> <li>৬. নারী উদ্যোক্তার সীমাবদ্ধতা</li> <li>৭. ব্যবসা এবং উদ্যোক্তা</li> </ol>
এক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> <li>১. ব্যবসা চক্র ব্যাখ্যা করা</li> <li>২. নারী উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করা</li> <li>৩. ব্যবসা এবং উদ্যোক্তা বিষয় করা</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি	<ul style="list-style-type: none"> <li>• আলোচনা (Discussion)</li> <li>• উপস্থাপন (Presentation)</li> <li>• প্রদর্শন (Demonstration)</li> <li>• নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>• স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>• প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>• সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>• মাথা খাটানো (Brainstorming)</li> </ul>
এ্যাসেসমেন্ট পদ্ধতি	<ul style="list-style-type: none"> <li>• লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>• প্রদর্শন (Demonstration)</li> <li>• মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> </ul>

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন্ শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১ : উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হোন।	৩. সেলফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন- অ্যাকিভিটি শিট ১.১: ব্যবসা চক্র ব্যাখ্যা করা অ্যাকিভিটি শিট ১.২: নারী উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করা অ্যাকিভিটি শিট ১.৩: ব্যবসা এবং উদ্যোক্তা বিষয় ব্যাখ্যা করা

## ইনফরমেশন শিট (Information Sheet): ১: উদ্যোক্তা খারণাকে স্বীকৃতি দেওয়া

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

- ১.১ উদ্যোক্তা এবং IGA এর সজ্জা
- ১.২ উদ্যোক্তার সুবিধা ও অসুবিধাসমূহ
- ১.৩ ব্যবসা চক্র
- ১.৪ নারী উদ্যোক্তা
- ১.৫ নারী উদ্যোক্তার সুবিধা
- ১.৬ নারী উদ্যোক্তার সীমাবদ্ধতা
- ১.৭ ব্যবসা এবং উদ্যোক্তা

### ১.১ উদ্যোক্তা এবং IGA এর সজ্জা

#### ক. এন্ট্রাপ্রেনিউরশিপ বা উদ্যোক্তা

এন্ট্রাপ্রেনিউরশিপ বা উদ্যোক্তা কার্যক্রম হলো এমন একটি প্রক্রিয়া যেখানে ব্যক্তি বা গোষ্ঠী নতুন ব্যবসা বা উদ্যোগ শুরু করে এবং সেই ব্যবসার ঝুঁকি ও লাভের দায়িত্ব গ্রহণ করে। এটি শুধুমাত্র ব্যবসা শুরু করার মধ্যে সীমাবদ্ধ নয়, বরং নতুন ধারণা, পণ্য, বা সেবা উদ্ভাবন এবং সেগুলোকে বাজারে নিয়ে আসার প্রক্রিয়াও অন্তর্ভুক্ত করে। উদ্যোক্তা হলেন এমন একজন ব্যক্তি যিনি নতুন ব্যবসা শুরু করে বা কোনো বিদ্যমান ব্যবসায় নতুন ধারণা বাস্তবায়ন করে। উদ্যোক্তারা সাধারণত উদ্ভাবনী, ঝুঁকি নিতে প্রস্তুত এবং নতুন কিছু করার আগ্রহী হয়ে থাকেন।

এন্ট্রাপ্রেনিউরশিপের মাধ্যমে

- নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়
- অর্থনৈতিক উন্নয়ন ঘটে
- সমাজে নতুন নতুন সেবা ও পণ্যের সরবরাহ বৃদ্ধি পায়।



#### খ. IGA (Income Generating Activities)

আইজিএ বলতে সেই সকল এ্যাকটিভিটিসকে বা কর্মকান্ডকে বোঝায় যার মাধ্যমে আয় অর্জিত হয়।



গ. এন্ট্রাপ্রিনিউরশিপের মূল উপাদানগুলো হলো

- নতুনত্ব: নতুন পণ্য, সেবা, বা ব্যবসায়িক মডেল উদ্ভাবন।
- ঝুঁকি গ্রহণ: ব্যবসার ঝুঁকি ও অনিশ্চয়তা মোকাবেলা করার মানসিকতা।
- সংগঠন ক্ষমতা: ব্যবসার বিভিন্ন দিক পরিচালনা ও সমন্বয় করার দক্ষতা।
- বাজারের চাহিদা বোঝা: গ্রাহকদের প্রয়োজন ও চাহিদা অনুযায়ী পণ্য বা সেবা প্রদান করা।

ঘ. সফল উদ্যোক্তার উদাহরণ:

<p><b>বিল গেটস:</b> বিল গেটস আমাদের যুগের একজন অন্যতম বিখ্যাত উদ্যোক্তা। যিনি বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি ছিলেন। বিশ্বের বৃহত্তম পিসি সফটওয়্যার সংস্থা মাইক্রোসফ্টের সহ-প্রতিষ্ঠাতা। বিল গেটস ছিলেন ব্যক্তিগত কম্পিউটার বিপ্লবের অন্যতম ব্যক্তিত্ব। অ্যালেন, বলমার এবং অন্যদের সহায়তায় গেটস মাইক্রোসফ্টকে বিশ্বের বৃহত্তম এবং প্রভাবশালী প্রযুক্তি সংস্থার অন্যতম হিসাবে গড়ে তুলেছিল।</p>	
<p><b>ইলন মাস্ক:</b> ইলন মাস্ক দক্ষিণ আফ্রিকার বংশোদ্ভূত আমেরিকান শিল্প প্রকৌশলী এবং একজন সফল উদ্যোক্তা, তিনি পেপালের সহ-প্রতিষ্ঠা এবং মহাকাশ সংস্থা স্পেসএক্স প্রতিষ্ঠা করেছিলেন। তাছাড়া তিনি বহুমুখী প্রযুক্তির উদ্যোক্তা হিসেবে পরিচিত। তিনি বিখ্যাত বৈদ্যুতিন গাড়ি সংস্থা টেসলার প্রাথমিক বিনিয়োগকারীদের একজন সহ-প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োজিত রয়েছেন। ইলন মাস্ক বিশ্বের ধনী ব্যক্তি হয়ে ওঠেন, তার সম্পদের পরিমাণ ১৮৫ বিলিয়ন ডলার ছাড়িয়ে গেছে।</p>	
<p><b>স্টিভ জবস:</b> স্টিভ জবস যুক্তরাষ্ট্রের একজন সফল উদ্যোক্তা ও প্রযুক্তি উদ্ভাবক। এ্যাপলের প্রতিষ্ঠাতা হিসেবে আমরা সবাই তাকে সহজেই চিনি। ১৯৭৬ সালের ১ এপ্রিল অ্যাপল কম্পিউটার সংস্থা প্রতিষ্ঠিত হয়েছিল স্টিভ জবস এবং সহ-প্রতিষ্ঠাতা স্টিভ ওয়াজনিয়াক এর মাধ্যমে। তাঁর মৃত্যুর সময়, তাঁর সম্পদ ৮.৩ বিলিয়ন ডলারেরও বেশি ছিল।</p>	
<p><b>মার্ক জাকারবার্গ:</b> মার্ক জাকারবার্গ ফেসবুকের প্রতিষ্ঠাতা হিসেবে পরিচিত। তিনি ফেসবুক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং শেয়ারহোল্ডারকে নিয়ন্ত্রণ করছেন। তিনি হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করার সময় ২০০৪ সালের ৪ ফেব্রুয়ারি তাঁর ছাত্রাবাস থেকে ফেসবুক চালু করেছিলেন। তার একটি উক্তি “সবচেয়ে বড় ঝুঁকি কোনও ঝুঁকি না নেওয়া”।</p>	

ঙ. একজন সফল উদ্যোক্তার গুণাবলী:

**শৃঙ্খলাবদ্ধ বা নিয়মানুবর্তিতা (Disciplined):** একজন সফল উদ্যোক্তার অন্যতম প্রয়োজনীয় বৈশিষ্ট্য হলো শৃঙ্খলাবদ্ধ বা নিয়মানুবর্তিতা। শৃঙ্খলাবদ্ধ ব্যক্তির তাদের ব্যবসায়িক কাজ করার দিকে মনোনিবেশ করেন। তাদের লক্ষ্যে যে কোনও বাধা বা বিঘ্ন দূর করে নিজেদের কাজে আত্মনিয়োজিত করা। সফল উদ্যোক্তারা তাদের লক্ষ্য অর্জনের জন্য প্রতিদিনের পদক্ষেপ নিতে দৃঢ় সংকল্পবদ্ধ। জীবন ও ব্যবসায় সাফল্যের সবচেয়ে গুরুত্বপূর্ণ গুণ স্ব-শৃঙ্খলা। আপনি যদি নিজের মতো করে নিজেকে অনুশাসন করতে পারেন, তাহলে আপনি আপনার লক্ষ্যে পৌঁছাতে পারবেন।

**আত্মবিশ্বাস (Confidence):** আত্মবিশ্বাস ব্যবসায় সফল হওয়ার অন্যতম নিয়ামক। উদ্যোক্তাগণ প্রবল আত্মবিশ্বাসের সাথে ব্যবসা শুরু করেন। উদ্যোক্তা তার ব্যবসা শুরু করে আত্মবিশ্বাসের সাথে। তারা কখনোই তাদের ব্যবসা বা উদ্যোগ নিয়ে প্রশ্নবিদ্ধ থাকেন না বরং সফল হওয়ার জন্য কঠোর পরিশ্রম করে যায়। তাই তারা যা কিছু করে তার মধ্যে সেই আত্মবিশ্বাসের চেতনা বহন করেন। আত্মবিশ্বাস নিয়ে তারা কাজে মনোনিবেশ করে এবং সামনে এগিয়ে যায়।

**স্ব-উদ্যোক্তা (Self-starter):** উদ্যোক্তারা জানেন যে যদি কিছু করা দরকার হয় তবে তাদের নিজেরাই এটি শুরু করা উচিত। তারা তাদের লক্ষ্য ঠিক করে এবং সেই অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করে। তারা তাদের কাজে সর্বদা সক্রিয় থাকে, কারো অনুমতির জন্য তারা অপেক্ষা করে না। আপনার মাথায় যদি কোনো আইডিয়া থাকে তাহলে কারো জন্য অপেক্ষা না করে নিজে থেকেই শুরু করুন।

**প্রতিযোগিতামূলক (Competitive):** বর্তমানে ব্যবসায় প্রতিষ্ঠান খুবই প্রতিযোগিতামূলক। প্রতিযোগিতামূলক বাজারে সফল হতে হলে আপনাকে অন্যের চেয়ে আরও ভাল কাজ করতে হবে। অন্যান্য প্রতিষ্ঠান থেকে আরো ভালো মানের মান সম্মত পণ্য বা সেবা প্রদান করতে হবে। তাই একজন উদ্যোক্তাকে প্রতিযোগিতামূলক মনোভাব ধারণ করতে হয়। একজন উদ্যোক্তাকে হতে হয় টেকসই ও কৌশলী।

**সৃজনশীল চিন্তা-ভাবনা (Creative thinking):** উদ্যোক্তা মানেই সৃজনশীল মানসিকতাসম্পন্ন ব্যক্তির প্রতিচ্ছবি। উদ্যোক্তারা যখন তাদের উদ্যোগ শুরু করে তখন নানবিধ সমস্যার সম্মুখীন হতে হয়। এবং সমস্যার সমাধানের জন্য তাদের সৃষ্টিশীল মানসিকতাকে কাজে লাগিয়ে সমাধান খোঁজে বের করতে হয়। তাছাড়াও সৃজনশীল উপায়ে বিভিন্ন ধরনের ব্যবসা নব আঙ্গিকে শুরু করতে পারে। সৃজনশীলতা একজন উদ্যোক্তাকে সফল করে তুলে।

**ঝুঁকি গ্রহণ ক্ষমতা (Risk-taking ability):** একজন উদ্যোক্তা যখন উদ্যোগ গ্রহণ করে তখনই সে ঝুঁকি গ্রহণের মানসিকতা নিয়ে তার ব্যবসায় শুরু করে। যেকোনো ব্যবসায় শুরু করলে সেটি লাভবান হতেও পারে আবার ক্ষতিও হতে পারে। তাই উদ্যোক্তাগণকে ঝুঁকি গ্রহণের মানসিকতা সম্পন্ন হতে হয়। তবে উদ্যোক্তারা ঝুঁকি গ্রহণের পূর্বে সঠিক পরিকল্পনা করে তাদের লক্ষ্য স্থির করেন। তাছাড়া একজন সফল উদ্যোক্তা জানে কখন ঝুঁকি নিতে হয় এবং কোন ঝুঁকিটি সংস্থা বা নিজের পক্ষে উপকারী বা ক্ষতিকারক হবে।

**দৃঢ় সংকল্প (Determination):** উদ্যোক্তারা ব্যর্থতাকেই শেষ গন্তব্য মনে করে না বরং তারা ব্যর্থতাকে তাদের সাফল্যের খুটি হিসাবে দেখে। তাই তারা তাদের সমস্ত প্রচেষ্টা সফল করতে সর্বদা বদ্ধপরিকর। কোনো কিছুতে সফল না হওয়া পর্যন্ত তারা তাদের চেষ্টা চালিয়ে যায়। সফল উদ্যোক্তারা মনে করেন যে, কোনো কিছুই অসম্ভব নয়।

**নেতৃত্বের দক্ষতা (Leadership Skills):** একজন উদ্যোক্তাকে নেতৃত্ব দেওয়ার দক্ষতা গুণাবলী অতীব প্রয়োজন। প্রতিষ্ঠানের সকল কর্মীদের কাজে উদ্বুদ্ধ করতে এবং তাদের সাথে সঠিকভাবে যোগাযোগ করতে হলে উদ্যোক্তাকে নেতৃত্ব দানের ক্ষমতা থাকতে হবে। সফল উদ্যোক্তারা তাদের কর্মীদের কীভাবে অনুপ্রেরণা করতে হয় তা জানে তাই ব্যবসায় সামগ্রিকভাবে বৃদ্ধি পায়।

**অধ্যবসায় (Persistence):** অধ্যবসায় হলো একজন সফল উদ্যোক্তার সবচেয়ে বেসিক এবং প্রয়োজনীয় গুণ। এটি একটি অনিবার্য গুণ যা জীবনের সমস্ত দুর্দান্ত সাফল্যের চাবিকাঠি। একজন সফল উদ্যোক্তা প্রায়শই অফিসে পৌঁছে প্রথম ব্যক্তি হিসেবে এবং সবার শেষে অফিস থেকে কাজ শেষ করে বের হন। উদ্যোক্তারা তাদের কাজের প্রতি এতই মনযোগী থাকেন যে কাজ শেষ না হওয়া পর্যন্ত তারা কাজে থাকেন। তারা কখনো আজকের কাজ আগামীকালের জন্য রেখে দেয় না।

**অনুরাগ (Passion):** একজন সফল উদ্যোক্তার অন্যতম গুরুত্বপূর্ণ গুণ হল কাজের প্রতি প্রবল অনুরাগ। উদ্যোক্তা সকল কাজেই আনন্দ খুজে পান। তিনি যে কাজ করে আনন্দ পান সেটিই করেন। সুতরাং একজন উদ্যোক্তা তার লক্ষ্যে পৌঁছানোর জন্য তার কাজের প্রতি অনুরাগ থাকাটা খুবই গুরুত্বপূর্ণ। যেকোন কাজ উদ্যোক্তার মনে উদ্দীপনা তৈরি করে এবং সে তার কাজকে ভালোবেসে গ্রহণ করেন এবং সেই লক্ষ্যে পৌঁছানোর জন্য কঠোর পরিশ্রম করেন।

### চ. একজন উদ্যোক্তার বৈশিষ্ট্য সমূহ কি কি:

- দায়বদ্ধ (Responsible)
- কঠোর পরিশ্রমী (Hard Worker)
- ঝুঁকি গ্রহণ (Risk Taker)
- সৃজনশীল (Creative)
- উদ্ভাবনী (Innovative)
- নমনীয় (Flexible)
- স্বাধীন (Independent)
- আশাবাদী (Optimistic)
- আত্মবিশ্বাস (Self-confidence)
- সংকল্পবদ্ধ (Determined)
- স্ব-পরিচালিত (Self-directed)
- বোধগম্য বা বুঝার ক্ষমতা (Perceptive)
- ভুল থেকে শিক্ষা নেওয়া (Learn from mistakes)
- নেতৃত্ব নেওয়ার সক্ষমতা (Ability to take the lead)
- কার্যকর যোগাযোগকারী (Effective communicator)
- সমালোচনার প্রতি প্রতিক্রিয়াশীল (Responsive to criticism)
- অধিক কাজ করার ক্ষমতা (High degree of energy)
- প্রয়োজন/ অভাব অনুমান করার ক্ষমতা (Ability to anticipate needs)



### ১.২ উদ্যোক্তা হওয়ার সুবিধা ও অসুবিধা

উদ্যোক্তা হওয়া মানে নিজের স্বপ্ন পূরণের এক অসাধারণ যাত্রা শুরু করা। তবে এই যাত্রায় সুবিধার পাশাপাশি কিছু অসুবিধাও রয়েছে।

#### ক. উদ্যোক্তা হওয়ার সুবিধা

**স্বাধীনতা:** একজন উদ্যোক্তার নিজের সিদ্ধান্ত নেওয়ার স্বাধীনতা রয়েছে। আপনি কী করবেন, কীভাবে করবেন সব নিজেই পরিকল্পনা করে ঠিক করতে পারবেন।

**সৃজনশীলতা:** উদ্যোক্তা মানেই সৃজনশীল ব্যক্তি। আপনার মনে যে নতুন উদ্ভাবনী ধারণা রয়েছে, তা

**বাস্তবসমাজে অবদান:** তিনি নিজে কর্মে নিয়োজিত থাকেন এবং অন্যদের জন্য কর্মক্ষেত্র তৈরি সৃষ্টি করেন।

**পারদর্শিতার বৃদ্ধি:** উদ্যোক্তাগণ সবসময় নতুন দক্ষতা অর্জনের মাধ্যমে নিজেকে সমাজে পারদর্শী করে তোলেন।


**সন্তুষ্টি:** নিজের স্বপ্ন পূরণের মাধ্যমে অপরূপ সন্তুষ্টি লাভ করা।

#### খ. উদ্যোক্তা হওয়ার অসুবিধা

- **ঝুঁকি:** ব্যবসায় ব্যর্থতার ঝুঁকি সবসময় থাকে।
- **দায়িত্ব:** ব্যবসার সকল দায়িত্ব নিজের উপর নিতে হয়।
- **দীর্ঘ সময় ও শ্রম:** ব্যবসা সফল করতে অনেক সময় ও শ্রম দিতে হয়।
- **অনিশ্চয়তা:** ভবিষ্যৎ সম্পর্কে নিশ্চিত না থাকা।
- **আর্থিক চাপ:** প্রাথমিক পর্যায়ে অর্থের অভাব হতে পারে।
- **একাকিত্ব:** প্রায়শই একা কাজ করতে হয়।

#### ১.৩ ব্যবসা চক্র

ব্যবসা চক্র হল একটি অর্থনৈতিক ধারণা যা সময়ের সাথে সাথে অর্থনীতির উত্থান-পতনকে বর্ণনা করে। যেমন মানুষের শরীরে উচ্চতা বাড়ে, কমে, আবার বাড়ে— তিক তেমনি একটি দেশের অর্থনীতিও উঠা-নামা করে। এই উঠা-নামাকেই ব্যবসা চক্র বলা হয়।



#### ক. ব্যবসা চক্রের বিভিন্ন পর্যায় : ব্যবসা চক্র সাধারণত চারটি পর্যায়ে বিভক্ত

**বৃদ্ধির পর্যায়:** এই পর্যায়ে অর্থনীতি একটি উর্ধ্বগতি ধারণ করে। উৎপাদন বাড়ে, কর্মসংস্থান বৃদ্ধি পায়, এবং মানুষের আয় বাড়ে। ব্যবসা প্রতিষ্ঠানগুলি সাধারণত লাভবান হয়।

**শিখর পর্যায়:** এই পর্যায়ে অর্থনীতি তার সর্বোচ্চ বিন্দুতে পৌঁছায়। উৎপাদন ও কর্মসংস্থানের হার সর্বোচ্চ হয়। তবে, এই পর্যায়ে মুদ্রাস্ফীতি বাড়তে পারে এবং সরকারকে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখার জন্য ব্যবস্থা নিতে হয়।

**মন্দার পর্যায়:** এই পর্যায়ে অর্থনীতি ধীরে ধীরে মন্দার দিকে যায়। উৎপাদন কমে, কর্মসংস্থান হারে হ্রাস পায় এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলির লাভ কমে যায়।

**তলানি পর্যায়:** এই পর্যায়ে অর্থনীতি তার সর্বনিম্ন বিন্দুতে পৌঁছায়। উৎপাদন ও কর্মসংস্থানের হার সর্বনিম্ন হয়। তবে, এই পর্যায়ে সাধারণত মুদ্রাস্ফীতি কম থাকে।

#### খ. ব্যবসা চক্রের কারণ : ব্যবসা চক্রের জন্য অনেক কারণ দায়ী। এর মধ্যে রয়েছে-

**গণমানুষের মনোভাব:** মানুষের ভবিষ্যৎ সম্পর্কে আশাবাদী হলে তারা বেশি ব্যয় করে, যা অর্থনীতিকে উৎসাহিত করে। অন্যদিকে, যদি মানুষ ভবিষ্যৎ সম্পর্কে আশঙ্কিত হয়, তাহলে তারা কম ব্যয় করে, যা অর্থনীতিকে মন্দার দিকে নিয়ে যায়।

**সরকারের নীতি:** সরকারের আর্থিক ও মুদ্রানীতি ব্যবসা চক্রকে প্রভাবিত করতে পারে। উদাহরণস্বরূপ, সরকার যদি কর কমায় বা সরকারি খরচ বাড়ায়, তাহলে তা অর্থনীতিকে উদ্দীপিত করতে পারে।

**বৈশ্বিক ঘটনা:** যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ বা আন্তর্জাতিক বাজারে তেলের দাম বৃদ্ধির মতো ঘটনা ব্যবসা চক্রকে প্রভাবিত করতে পারে।

### গ. ব্যবসা চক্রের গুরুত্ব

ব্যবসা চক্র সম্পর্কে জানা খুবই গুরুত্বপূর্ণ কারণ এটি ব্যবসায়ী, বিনিয়োগকারী এবং সরকারকে ভবিষ্যতের জন্য পরিকল্পনা করতে সাহায্য করে। ব্যবসায়ীরা ব্যবসা চক্রের বিভিন্ন পর্যায়ে তাদের ব্যবসায়িক কৌশল পরিবর্তন করতে পারে। সরকার ব্যবসা চক্রকে স্থিতিশীল করার জন্য বিভিন্ন নীতিমালা গ্রহণ করতে পারে।

### ঘ. ব্যবসা চক্রের পূর্বাভাস দেওয়ার জন্য ব্যবহৃত বিভিন্ন মডেল

ব্যবসা চক্র একটি জটিল ঘটনা, এবং এটিকে সঠিকভাবে পূর্বাভাস দেওয়া সবসময়ই সহজ হয় না। তবে, অর্থনীতিবিদরা এবং বিশ্লেষকরা ব্যবসা চক্রের ভবিষ্যৎ গতিপথ সম্পর্কে অনুমান করার জন্য বিভিন্ন মডেল ব্যবহার করেন। এই মডেলগুলি অর্থনীতির বিভিন্ন দিক বিশ্লেষণ করে এবং ভবিষ্যতে কী হতে পারে সে সম্পর্কে একটি ধারণা দেয়।

এই ধরনের মডেলগুলির মধ্যে কয়েকটি হল:

**ইকোনোমেট্রিক মডেল:** এই মডেলগুলি অর্থনৈতিক তথ্যের উপর ভিত্তি করে গাণিতিক সমীকরণ ব্যবহার করে। এই সমীকরণগুলি বিভিন্ন অর্থনৈতিক ভেরিয়েবলের মধ্যে সম্পর্ক স্থাপন করে এবং ভবিষ্যতে কি হতে পারে তা অনুমান করে।

**টাইম সিরিজ বিশ্লেষণ:** এই পদ্ধতিতে অতীতের তথ্যের উপর ভিত্তি করে ভবিষ্যৎ তথ্যের পূর্বাভাস দেওয়া হয়। উদাহরণস্বরূপ, যদি আমরা জানি যে গত দশ বছরে জিডিপি প্রতি বছর 3% হারে বেড়েছে, তাহলে আমরা ধরে নিতে পারি যে আগামী বছরও জিডিপি প্রায় একই হারে বাড়বে।

**ফ্যাক্টর মডেল:** এই মডেলগুলি অর্থনীতিকে প্রভাবিত করতে পারে এমন বিভিন্ন কারণকে বিবেচনা করে। উদাহরণস্বরূপ, একটি ফ্যাক্টর মডেল বৈদেশিক বিনিয়োগ, সরকারি খরচ এবং মুদ্রাস্ফীতির মতো কারণগুলি বিবেচনা করে ভবিষ্যতে অর্থনীতি কীভাবে পরিবর্তিত হতে পারে তা অনুমান করতে পারে।

**সিমুলেশন মডেল:** এই মডেলগুলি অর্থনীতির একটি কম্পিউটার সিমুলেশন তৈরি করে। এই সিমুলেশনে বিভিন্ন পরিস্থিতি পরীক্ষা করা হয় এবং ভবিষ্যতে কী হতে পারে সে সম্পর্কে অনুমান করা হয়।

## ১.৪ নারী উদ্যোক্তা

নারী উদ্যোক্তা বলতে এমন একজন নারীকে বোঝায় যিনি নিজস্ব উদ্যোগে ব্যবসা শুরু করেন এবং পরিচালনা করেন। তারা বিভিন্ন খাতে কাজ করতে পারেন, যেমন প্রযুক্তি, ফ্যাশন, খাদ্য, ই-কমার্স, এবং আরও অনেক কিছু। নারী উদ্যোক্তারা শুধুমাত্র নিজেদের আর্থিক স্বাধীনতা অর্জন করেন না, বরং সমাজের অর্থনৈতিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।



### ক. নারী উদ্যোক্তাদের গুরুত্ব

**অর্থনৈতিক উন্নয়ন:** নারী উদ্যোক্তারা অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তারা কর্মসংস্থান সৃষ্টি করেন, দেশের জিডিপি বৃদ্ধিতে অবদান রাখেন এবং দেশের অর্থনৈতিক স্বাধীনতা বৃদ্ধি করেন।

**সামাজিক পরিবর্তন:** নারী উদ্যোক্তারা সামাজিক মানদণ্ডকে ভেঙে নতুন পথ দেখান। তারা নারীদের ক্ষমতায়ন করেন এবং সমাজে নারীদের অবস্থান উন্নত করেন।

**সৃজনশীলতা ও উদ্ভাবন:** নারী উদ্যোক্তারা প্রায়ই নতুন ধারণা এবং উদ্ভাবন নিয়ে আসেন, যা বাজারে নতুন পণ্য এবং সেবা সৃষ্টি করে।

সমাজের অর্থনৈতিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

#### খ. নারী উদ্যোক্তাদের সম্মুখীন চ্যালেঞ্জ

**অর্থায়নের অভাব:** অনেক নারী উদ্যোক্তা তাদের ব্যবসা শুরু করার জন্য পর্যাপ্ত অর্থায়ন পান না।

**সামাজিক বাধা:** সমাজে নারীদের উদ্যোক্তা হিসেবে গ্রহণযোগ্যতা কম থাকতে পারে। পরিবার, সমাজ এবং সংস্কৃতির দ্বারা নারীদের উদ্যোগকে প্রায়শই বাধা দেওয়া হয়।

**দক্ষতার অভাব:** অনেক নারী উদ্যোক্তার কাছে ব্যবসা পরিচালনার যথেষ্ট দক্ষতা না থাকতে পারে।

**নেটওয়ার্কিং সুযোগের অভাব:** নারী উদ্যোক্তাদের জন্য পুরুষ উদ্যোক্তাদের মতো নেটওয়ার্কিং সুযোগ কম থাকতে পারে।

#### ১.৫ নারী উদ্যোক্তার সুবিধা

নারী উদ্যোক্তা হওয়ার অনেক সুবিধা রয়েছে। এটি শুধু ব্যক্তিগত সফলতার ব্যাপার নয়, এটি সমাজ ও অর্থনীতির জন্যও একটি গুরুত্বপূর্ণ অবদান। আসুন নারী উদ্যোক্তা হওয়ার কিছু প্রধান সুবিধা জেনে নেই:

#### ক. ব্যক্তিগত সুবিধা

**স্বাধীনতা:** নিজের সিদ্ধান্ত নেওয়ার পূর্ণ স্বাধীনতা। আপনি কী করবেন, কীভাবে করবেন সব নিজেই ঠিক করতে পারবেন।

**সৃজনশীলতা:** নতুন ধারণা বাস্তবায়নের সুযোগ। আপনার মনে যে কোনো নতুন উদ্ভাবনী ধারণা আছে, তা বাস্তবে রূপ দিতে পারবেন।

**আর্থিক স্বাধীনতা:** সফল হলে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়া। আপনার আয়ের কোনো সীমা থাকবে না।

**ব্যক্তিগত বৃদ্ধি:** নতুন দক্ষতা অর্জন এবং নিজেকে উন্নত করার সুযোগ।

**সন্তুষ্টি:** নিজের স্বপ্ন পূরণের মাধ্যমে অপরিপূর্ণ সন্তুষ্টি লাভ করা।

#### খ. সামাজিক ও অর্থনৈতিক সুবিধা

**সসামাজিক পরিবর্তন:** নারীদের ক্ষমতায়ন করে সমাজে নারীদের অবস্থান উন্নত করা।

**অর্থনৈতিক উন্নয়ন:** কর্মসংস্থান সৃষ্টি করে দেশের জিডিপি বৃদ্ধিতে অবদান রাখা।

**সামাজিক উদ্যোগ:** সমাজের বিভিন্ন সমস্যা সমাধানে অবদান রাখা।

**নতুন বাজার:** নতুন পণ্য ও সেবা সৃষ্টি করে বাজারকে সমৃদ্ধ করা।

#### গ. অন্যান্য সুবিধা

**নেতৃত্বের গুণাবলী বিকাশ:** ব্যবসা পরিচালনার মাধ্যমে নেতৃত্বের গুণাবলী বিকাশ করা।

**নেটওয়ার্কিং:** অন্যান্য উদ্যোক্তা ও ব্যবসায়ীদের সাথে যোগাযোগ গড়ে তোলা।

**সম্প্রদায়ের সাথে যুক্ত হওয়া:** স্থানীয় সম্প্রদায়ের উন্নয়নে অংশগ্রহণ করা।

## ১.৬ নারী উদ্যোক্তাদের সীমাবদ্ধতা

নারী উদ্যোক্তারা অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। তবে বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও অর্থনৈতিক কারণে তাদের উদ্যোগে কিছু সীমাবদ্ধতা রয়েছে। আসুন এই সীমাবদ্ধতাগুলো বিস্তারিতভাবে আলোচনা করি

### ক. সামাজিক ও সাংস্কৃতিক সীমাবদ্ধতা

**পারিবারিক দায়িত্ব:** নারীদের উপর সাধারণত পরিবারের যত্ন নেওয়ার দায়িত্ব বেশি থাকে। ফলে ব্যবসায়ের দিকে পুরো মনোযোগ দেওয়া তাদের জন্য কঠিন হয়ে পড়ে।

**সামাজিক চাপ:** সমাজে নারীদের উদ্যোক্তা হিসেবে দেখার দৃষ্টিভঙ্গি সবসময় ইতিবাচক হয় না। অনেক ক্ষেত্রে তাদেরকে ঘরের কাজে সীমাবদ্ধ রাখার চাপ দেওয়া হয়।

**লিঙ্গ বৈষম্য:** কর্মক্ষেত্রে লিঙ্গ বৈষম্যের কারণে নারীরা প্রায়ই পুরুষদের তুলনায় কম বেতন পান এবং কম গুরুত্বপূর্ণ পদে থাকেন।

**সম্পদের অভাব:** অনেক নারীর ব্যবসা শুরু করার জন্য পর্যাপ্ত অর্থ বা সম্পদ থাকে না। কারণ, সমাজে নারীদের নামে সম্পত্তি থাকার প্রচলন কম।

### খ. অর্থনৈতিক সীমাবদ্ধতা

**বিনিয়োগের অভাব:** নারীদের উদ্যোগে বিনিয়োগকারী খুঁজে পাওয়া কঠিন হতে পারে। অনেক বিনিয়োগকারী নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক দক্ষতার উপর সন্দেহ করেন।

**নেটওয়ার্কের অভাব:** নারী উদ্যোক্তাদের পুরুষ উদ্যোক্তাদের মতো একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলা কঠিন হয়।

**বাজারজাতকরণ ও বিক্রয়ের সমস্যা:** নারী উদ্যোক্তাদের তাদের পণ্য বা সেবা বাজারজাত করতে এবং বিক্রয় করতে সমস্যা হয়।

**আইনী জটিলতা:** অনেক দেশে নারীদের সম্পত্তি অধিকার এবং ব্যবসায়িক সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সীমিত।

### গ. নারী উদ্যোক্তাদের সীমাবদ্ধতাদূর করার জন্য কিছু পদক্ষেপ নেওয়া যেতে পারে

**সচেতনতা সৃষ্টি:** সমাজে নারী উদ্যোক্তাদের গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা।

**শিক্ষা ও প্রশিক্ষণ:** নারীদের ব্যবসায়িক শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা।

**আর্থিক সহায়তা:** নারী উদ্যোক্তাদের জন্য আর্থিক সহায়তা ও ঋণ সুবিধা সৃষ্টি করা।

**নেটওয়ার্ক গঠন:** নারী উদ্যোক্তাদের জন্য নেটওয়ার্ক গঠন করে তাদেরকে সহযোগিতা করার সুযোগ দেওয়া।

**আইনগত সহায়তা:** নারীদের সম্পত্তি অধিকার এবং ব্যবসায়িক সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নিশ্চিত করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা।

## ১.৭ ব্যবসা এবং উদ্যোক্তা

### ক. ব্যবসা কি?

ব্যবসা হলো এমন একটি কার্যকলাপ যেখানে পণ্য বা সেবা উৎপাদন, বিক্রয় এবং বিনিময় করা হয়। এটি লাভ অর্জনের লক্ষ্যে করা হয় এবং সমাজের চাহিদা পূরণ করে। ব্যবসা ছোট দোকান থেকে শুরু করে বড় বড় কোম্পানি পর্যন্ত হতে পারে।

#### খ. ব্যবসার মূল উপাদান

- **পণ্য বা সেবা:** কোনো ব্যবসা এক বা একাধিক পণ্য বা সেবা উৎপাদন করে এবং বিক্রয় করে।
- **গ্রাহক:** ব্যবসার পণ্য বা সেবা ক্রয়কারী ব্যক্তি বা প্রতিষ্ঠান।
- **লাভ:** ব্যবসার মূল লক্ষ্য হলো লাভ অর্জন করা। লাভ হলো আয় থেকে খরচ বাদ দিয়ে প্রাপ্ত অর্থ।
- **ঝুঁকি:** ব্যবসায় সবসময় ঝুঁকি থাকে। বাজারের পরিবর্তন, প্রতিযোগিতা, অর্থনৈতিক মন্দা ইত্যাদি কারণে ব্যবসা ক্ষতিগ্রস্ত হতে পারে।

#### গ. ব্যবসা এবং উদ্যোক্তার সম্পর্ক

ব্যবসা এবং উদ্যোক্তা একে অপরের উপর নির্ভরশীল। উদ্যোক্তারা নতুন ব্যবসা শুরু করে এবং ব্যবসা অর্থনীতিতে গতিশীলতা আনে। ব্যবসা উদ্যোক্তাদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে এবং সমাজের উন্নয়নে অবদান রাখে।



## সেলফ চেক (Self-Check)- ১: উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. উদ্যোক্তা কাকে বলে?

উত্তর:

২. IGA কী?

উত্তর:

৩. উদ্যোক্তা হওয়ার সুবিধা কি কি?

উত্তর:

৪. ব্যবসা চক্র কী?

উত্তর:

৫. নারী উদ্যোক্তা কাকে বলে?

উত্তর:

৬. ব্যবসা এবং উদ্যোক্তার মধ্যে সম্পর্ক কী?

উত্তর:

৭. উদ্যোক্তা হতে চাইলে কী কী গুণাবলী থাকা জরুরি ?

উত্তর:

৮. বাংলাদেশে নারী উদ্যোক্তাদের সম্মুখীন চ্যালেঞ্জ কী?

উত্তর:

## উত্তরপত্র (Answer Key)-১: উদ্যোক্তা ধারণাকে স্বীকৃতি দেওয়া

### ১. উদ্যোক্তা কাকে বলে?

**উত্তর:** উদ্যোক্তা হলেন এমন একজন ব্যক্তি যিনি নতুন ধারণা বা পণ্য সৃষ্টি করে, বাজারে নিয়ে আসে এবং সেগুলোকে সফল করে তোলে। তারা নিজস্ব ঝুঁকি নিয়ে ব্যবসা শুরু করে এবং অর্থনীতিতে নতুন কর্মসংস্থানের সৃষ্টি করে।

### ২. IGA কী?

**উত্তর:** আইজিএ বলতে সেই সকল গ্র্যাকটিভিটিসকে বোঝায় যার মাধ্যমে আয় অর্জিত হয়।

### ৩. উদ্যোক্তা হওয়ার সুবিধা কি কি?

**উত্তর:** উদ্যোক্তা হওয়ার অনেক সুবিধা রয়েছে, যেমন:

- ক. **স্বাধীনতা:** নিজের সিদ্ধান্ত নেওয়ার স্বাধীনতা।
- খ. **সৃজনশীলতা:** নতুন ধারণা বাস্তবায়নের সুযোগ।
- গ. **আর্থিক স্বাধীনতা:** সফল হলে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়া।
- ঘ. **সমাজে অবদান:** নতুন চাকরি সৃষ্টি করে সমাজের উন্নয়নে অবদান রাখা।

### ৪. ব্যবসা চক্র কী?

**উত্তর:** ব্যবসা চক্র হল একটি অর্থনৈতিক ধারণা যা সময়ের সাথে সাথে অর্থনীতির উত্থান-পতনকে বর্ণনা করে। এটি সাধারণত পাঁচটি পর্যায়ে বিভক্ত: শুরু, বৃদ্ধি, পরিপক্বতা, পতন এবং পুনর্জন্ম।

### ৫. নারী উদ্যোক্তা কাকে বলে ?

**উত্তর:** নারী উদ্যোক্তা হলেন এমন একজন নারী যিনি নিজস্ব ব্যবসা শুরু করে এবং পরিচালনা করে। তারা অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং সামাজিক পরিবর্তনে অবদান রাখেন।

### ৬. ব্যবসা এবং উদ্যোক্তার মধ্যে সম্পর্ক কী?

**উত্তর:** ব্যবসা এবং উদ্যোক্তা একে অপরের উপর নির্ভরশীল। উদ্যোক্তারা ব্যবসা শুরু করে এবং পরিচালনা করে, আর ব্যবসা উদ্যোক্তাদের জন্য আর্থিক স্বাধীনতা এবং সৃজনশীলতার সুযোগ করে দেয়।

### ৭. উদ্যোক্তা হতে চাইলে কী কী গুণাবলী থাকা জরুরি ?

**উত্তর:**

- সৃজনশীলতা
- দৃঢ়তা
- নেতৃত্ব
- ঝুঁকি নেওয়ার মনোভাব
- আত্মবিশ্বাস
- অনুপ্রেরণা
- যোগাযোগ ক্ষমতা

৮. বাংলাদেশে নারী উদ্যোক্তাদের সম্মুখীন চ্যালেঞ্জ কী?

উত্তর:

- সামাজিক বাধা
- আর্থিক সীমাবদ্ধতা
- প্রশিক্ষণের অভাব
- নেটওয়ার্কিং সুযোগের অভাব
- পুরুষতান্ত্রিক সমাজ ব্যবস্থা

## অ্যাকিভিটি শিট ১.১: ব্যবসা চক্র ব্যাখ্যা করুন

ব্যবসা চক্রের বিভিন্ন পর্যায় ব্যাখ্যা করুন	
শুরুর পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	কোন কোন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
বৃদ্ধির পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
	কোন কোন ঝুঁকি থাকতে পারে?
পরিপক্বতার পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
	কোন কোন নতুন চ্যালেঞ্জ আসতে পারে?
পতনের পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী করা উচিত?
	কীভাবে পতন রোধ করা যায়?

অ্যাকিভিটি শিট ১.২: নারী উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করুন

নারী উদ্যোক্তা সম্পর্কে ব্যাখ্যা করুন	
শুরুর পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	কোন কোন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
বৃদ্ধির পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
	কোন কোন ঝুঁকি থাকতে পারে?
পরিপক্বতার পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
	কোন কোন নতুন চ্যালেঞ্জ আসতে পারে?
পতনের পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী করা উচিত?
	কীভাবে পতন রোধ করা যায়?

অ্যাকিভিটি শিট ১.৩: ব্যবসা এবং উদ্যোক্তা বিষয় ব্যাখ্যা করুন

ব্যবসা এবং উদ্যোক্তা বিষয় ব্যাখ্যা করুন	
শুরুর পর্যায়	এই পর্যায়ে ব্যবসা এবং উদ্যোক্তা কেমন হয়?
	কোন কোন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
বৃদ্ধির পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
	কোন কোন ঝুঁকি থাকতে পারে?
পরিপক্বতার পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী কী কাজ করা উচিত?
	কোন কোন নতুন চ্যালেঞ্জ আসতে পারে?
পতনের পর্যায়	এই পর্যায়ে ব্যবসা কেমন হয়?
	ব্যবসায়ীদের কী করা উচিত?
	কীভাবে পতন রোধ করা যায়?

শিখনফল (Learning Outcome)- ২ : উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করতে পারবে

এ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>১. উদ্যোক্তাদের বৈশিষ্ট্য চিহ্নিত করা হয়েছে</li> <li>২. অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তার ভূমিকা চিহ্নিত করা হয়েছে</li> <li>৩. উদ্যোক্তার গুণাবলী সনাক্ত করতে স্ব-মূল্যায়ন করা হয়েছে।</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ul style="list-style-type: none"> <li>● প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>● সিবিএলএম</li> <li>● হ্যান্ডআউটস</li> <li>● ল্যাপটপ/কম্পিউটার</li> <li>● মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>● কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>● ইন্টারনেট সুবিধা</li> <li>● হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>● অডিও ভিডিও ডিভাইস</li> </ul>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>১. উদ্যোক্তাদের বৈশিষ্ট্যসমূহ</li> <li>২. অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তার ভূমিকা</li> <li>৩. উদ্যোক্তার গুণাবলী</li> <li>৪. স্ব-মূল্যায়ন (Self-assessment)</li> </ol>
এক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> <li>১. উদ্যোক্তার গুণাবলী সনাক্ত করার জন্য স্ব-মূল্যায়ন করা</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি	<ul style="list-style-type: none"> <li>● আলোচনা (Discussion)</li> <li>● উপস্থাপন (Presentation)</li> <li>● প্রদর্শন (Demonstration)</li> <li>● নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>● স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>● প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>● সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>● মাথা খাটানো (Brainstorming)</li> </ul>
এ্যাসেসমেন্ট পদ্ধতি	<ul style="list-style-type: none"> <li>● লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>● প্রদর্শন (Demonstration)</li> <li>● মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> </ul>

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -২ : উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষণার্থীগণ কোন্ শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের “উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২ : উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হোন।	৩. সেলফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন- অ্যাকিভিটি শিট ২.১: উদ্যোক্তার গুণাবলী সনাক্ত করার জন্য স্ব-মূল্যায়ন করুন

## ইনফরমেশন শীট (Information Sheet): ২: উদ্যোক্তার কার্যক্রম ব্যাখ্যা করা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যাখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে।

- ২.১ উদ্যোক্তাদের বৈশিষ্ট্যসমূহ
- ২.২ অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তার ভূমিকা
- ২.৩ উদ্যোক্তার গুণাবলী
- ২.৪ স্ব-মূল্যায়ন (Self-assessment)

### ২.১ উদ্যোক্তাদের মূল বৈশিষ্ট্য

#### ক. একজন উদ্যোক্তার মধ্যে নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলি বিদ্যমান

**উদ্ভাবনী ক্ষমতা:** নতুন ধারণা তৈরি করা এবং সমস্যার নতুন সমাধান খুঁজে বের করা উদ্যোক্তাদের মূল শক্তি। তারা সবসময় নতুন কিছু করার চেষ্টা করে থাকেন।

**ঝুঁকি গ্রহণের মনোভাব:** উদ্যোক্তারা নতুন কিছু শুরু করার সময় অনিশ্চয়তার মুখোমুখি হতে হয়। তারা এই ঝুঁকি গ্রহণ করতে সক্ষম হন এবং ব্যর্থতাকে শিক্ষার সুযোগ হিসেবে দেখেন।

**দৃঢ় সংকল্প:** উদ্যোক্তারা তাদের লক্ষ্য অর্জনের জন্য অত্যন্ত দৃঢ়সংকল্পী হন। তারা বাধাবিপত্তি সত্ত্বেও তাদের লক্ষ্যে পৌঁছানোর জন্য কাজ করে চলেেন।

**নেতৃত্বের গুণ:** উদ্যোক্তারা সফল দল গড়ে তুলতে এবং তাদের অনুপ্রাণিত করতে পারেন। তারা দৃষ্টিভঙ্গি স্পষ্ট করে এবং অন্যদেরকে অনুসরণ করার জন্য অনুপ্রাণিত করেন।

**আত্মবিশ্বাস:** নিজের ক্ষমতার উপর বিশ্বাস রাখা উদ্যোক্তাদের একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। তারা নিজেদের উপর আস্থা রাখেন এবং চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম হন।

**অনুপ্রেরণা:** উদ্যোক্তারা অন্যদের অনুপ্রাণিত করতে পারেন এবং তাদের কাজের প্রতি উৎসাহিত করতে পারেন। তারা একটি দৃষ্টিভঙ্গি তৈরি করতে পারেন যা অন্যদেরকে অনুসরণ করতে অনুপ্রাণিত করে।

**সৃজনশীলতা:** নতুন ধারণা এবং সমাধান তৈরি করার জন্য সৃজনশীলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। উদ্যোক্তারা সবসময় নতুন উপায়ে সমস্যার সমাধান করার চেষ্টা করে থাকেন।

**দক্ষতা:** উদ্যোক্তাদের বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা থাকতে হয়। যেমন, মার্কেটিং, অর্থ ব্যবস্থাপনা, নেতৃত্ব ইত্যাদি।

**সম্পর্ক গড়ার ক্ষমতা:** উদ্যোক্তাদের অন্যদের সাথে ভালো সম্পর্ক গড়ে তুলতে হয়। কারণ, ব্যবসা সফল করার জন্য অন্যদের সহযোগিতা প্রয়োজন।

#### খ. একজন উদ্যোক্তা হওয়ার জন্য কী কী করা যায়?

**আত্মবিশ্বাস বাড়ান:** নিজের উপর বিশ্বাস রাখুন এবং নিজের ক্ষমতার উপর ভরসা করুন।

**নতুন জিনিস শিখুন:** সবসময় নতুন জিনিস শিখতে থাকুন। নতুন ধারণা এবং দক্ষতা অর্জন করুন।

**ঝুঁকি নিতে ভয় পাবেন না:** নতুন কিছু করার জন্য ঝুঁকি নিতে হবে। ব্যর্থতাকে শিক্ষার সুযোগ হিসেবে দেখুন।

**নেটওয়ার্কিং করুন:** অন্য উদ্যোক্তা এবং ব্যবসায়ীদের সাথে যোগাযোগ করুন। তাদের থেকে শিখুন এবং নতুন সুযোগ খুঁজে বের করুন।

**আপনার ধারণাগুলো বাস্তবায়িত করুন:** আপনার মনে যে ধারণা আছে, সেগুলোকে বাস্তবায়িত করার চেষ্টা করুন।

**ধৈর্য ধরুন:** সফলতা অর্জনের জন্য সময় লাগে। ধৈর্য ধরে কাজ করে চলুন।

## ২.২ অর্থনৈতিক উন্নয়নে উদ্যোক্তার অপরিহার্য ভূমিকা

উদ্যোক্তা হলেন একজন পরিবর্তনকারী। তারা নতুন ধারণা নিয়ে আসেন, ঝুঁকি নেন এবং অর্থনীতিতে নতুন চালিকাশক্তি যোগ করেন। অর্থনৈতিক উন্নয়নে তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আসুন বিস্তারিতভাবে দেখি কীভাবে উদ্যোক্তারা অর্থনীতিকে এগিয়ে নিয়ে যান:

### ক. উদ্ভাবন ও নতুন পণ্য/সেবা:

- **নতুন ধারণা:** উদ্যোক্তারা সবসময় নতুন ধারণা নিয়ে আসেন। এই ধারণাগুলো থেকেই নতুন পণ্য বা সেবা তৈরি হয়।
- **প্রতিযোগিতা:** নতুন পণ্য বা সেবা বাজারে আসার সঙ্গে সঙ্গে প্রতিযোগিতা বাড়ে। এতে গুণগত মান বৃদ্ধি পায় এবং দাম কমে।

### খ. কর্মসংস্থান সৃষ্টি:

- **নতুন ব্যবসা:** উদ্যোক্তারা নতুন ব্যবসা শুরু করেন। এই ব্যবসাগুলোতে অনেক মানুষের কর্মসংস্থান হয়।
- **আয় বৃদ্ধি:** কর্মসংস্থানের ফলে মানুষের আয় বাড়ে এবং জীবনযাত্রার মান উন্নত হয়।

### গ. অর্থনৈতিক বৃদ্ধি:

- **বিনিয়োগ:** উদ্যোক্তারা তাদের ব্যবসায় বিনিয়োগ করেন। এই বিনিয়োগ অর্থনীতিতে নতুন মূলধন যোগ করে।
- **জাতীয় আয়:** নতুন পণ্য উৎপাদন এবং সেবা প্রদানের মাধ্যমে জাতীয় আয় বৃদ্ধি পায়।

### ঘ. রপ্তানি এবং বৈদেশিক মুদ্রা আয়:

- **বিদেশি বাজার:** উদ্যোক্তারা তাদের পণ্য বিদেশে রপ্তানি করে। এতে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি পায়।
- **দেশের সুনাম:** সফল উদ্যোক্তা দেশের সুনাম বাড়াতে সাহায্য করেন।

### ঙ. সামাজিক উন্নয়ন:

- **সামাজিক সমস্যার সমাধান:** অনেক উদ্যোক্তা সামাজিক সমস্যা সমাধানে কাজ করেন। যেমন, পরিবেশ সংরক্ষণ, শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি।
- **সামাজিক উদ্যোগ:** সামাজিক উদ্যোগের মাধ্যমে সমাজের দুর্বল শ্রেণির মানুষের জীবনমান উন্নত হয়।

### চ. উদ্যোক্তার অন্যান্য ভূমিকা:

- **নতুন প্রযুক্তি:** উদ্যোক্তারা নতুন প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন ব্যবস্থা আরো দক্ষ করে তোলেন।
- **বাজারের চাহিদা:** উদ্যোক্তারা বাজারের চাহিদা অনুযায়ী পণ্য উৎপাদন করেন।
- **নতুন ব্যবসায়িক মডেল:** উদ্যোক্তারা নতুন ব্যবসায়িক মডেল তৈরি করেন যা অন্যদের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে ওঠে।

## ২.৩ উদ্যোক্তার গুণাবলী

একজন সফল উদ্যোক্তা হতে হলে কিছু গুরুত্বপূর্ণ গুণাবলী থাকা জরুরি। এই গুণাবলীই তাদেরকে অন্যদের থেকে আলাদা করে তোলে এবং নতুন ব্যবসা শুরু করে সফল হতে সাহায্য করে। আসুন জেনে নিই উদ্যোক্তাদের কিছু মূল গুণাবলীর কথা:

### ক. উদ্ভাবনী ক্ষমতা

- **নতুন ধারণা:** উদ্যোক্তারা সবসময় নতুন ধারণা নিয়ে আসেন। তারা বর্তমান সমস্যার নতুন সমাধান খুঁজে বের করার চেষ্টা করে থাকেন।
- **সৃজনশীলতা:** তারা সৃজনশীল চিন্তা করে নতুন পণ্য বা সেবা তৈরি করতে পারেন।

### খ. ঝুঁকি গ্রহণের মনোভাব

- **অনিশ্চয়তা:** উদ্যোক্তারা নতুন ব্যবসা শুরু করার সময় অনিশ্চয়তার মুখোমুখি হতে হয়। তারা এই ঝুঁকি গ্রহণ করতে সক্ষম হন।
- **ব্যর্থতার ভয় না করা:** ব্যর্থতা তাদেরকে থামাতে পারে না। তারা ব্যর্থতাকে শিক্ষার সুযোগ হিসেবে দেখেন।

### গ. দৃঢ় সংকল্প

- **লক্ষ্য:** তারা তাদের লক্ষ্য অর্জনের জন্য অত্যন্ত দৃঢ়সংকল্পী হন।
- **ধৈর্য:** লক্ষ্য অর্জনের জন্য দীর্ঘ সময় ধরে কাজ করতে পারেন।

### ঘ. নেতৃত্বের গুণ

- **দল গঠন:** তারা সফল দল গড়ে তুলতে পারেন এবং তাদের অনুপ্রাণিত করতে পারেন।
- **দৃষ্টিভঙ্গি:** তারা একটি স্পষ্ট দৃষ্টিভঙ্গি তৈরি করে এবং অন্যদেরকে অনুসরণ করার জন্য অনুপ্রাণিত করেন।

### ঙ. আত্মবিশ্বাস

- **নিজের উপর বিশ্বাস:** তারা নিজের ক্ষমতার উপর বিশ্বাস রাখেন।
- **চ্যালেঞ্জ মোকাবেলা:** যে কোনো চ্যালেঞ্জ মোকাবেলা করতে সক্ষম হন।

### চ. অনুপ্রেরণা

- **অন্যদের অনুপ্রাণিত করা:** তারা অন্যদের অনুপ্রাণিত করতে পারেন এবং তাদের কাজের প্রতি উৎসাহিত করতে পারেন।

### ছ. দক্ষতা

- **বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা:** মার্কেটিং, অর্থ ব্যবস্থাপনা, নেতৃত্ব ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে দক্ষতা থাকতে হয়।

### জ. সম্পর্ক গড়ার ক্ষমতা:

- **অন্যদের সাথে যোগাযোগ:** অন্যদের সাথে ভালো সম্পর্ক গড়ে তুলতে পারেন।

### ঝ. কৌতুহল

- **নতুন জিনিস শেখা:** সবসময় নতুন জিনিস শিখতে থাকেন।

### ঞ. পরিশ্রমী

- **কঠোর পরিশ্রম:** তারা তাদের লক্ষ্য অর্জনের জন্য কঠোর পরিশ্রম করেন।

### ট. লক্ষ্য নির্ধারণ

- **স্পষ্ট লক্ষ্য:** তারা স্পষ্ট লক্ষ্য নির্ধারণ করে এবং সে অনুযায়ী কাজ করেন।

### ঠ. অভিযোজন ক্ষমতা

- **পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো:** পরিবর্তনশীল পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নিতে পারেন।

## ড. সমস্যা সমাধানের দক্ষতা

- সমস্যার সমাধান: তারা যে কোনো সমস্যার সমাধান করতে পারেন।

## ২.৪ উদ্যোক্তার গুণাবলী সনাক্ত করতে স্ব-মূল্যায়ন

